

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ আষাঢ় ১৪২৭/ ২৯ জুন ২০২০

নং ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৮৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘বাংলাদেশ ডেল্টা
প্ল্যান-২১০০’ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের জন্য ‘ডেল্টা গভর্ন্যান্স কাউন্সিল’
নিম্নরূপে গঠন করেছে :

(ক) কাউন্সিলের গঠন :

১. প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	চেয়ারপারসন
২. মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	ভাইস-চেয়ারম্যান
৩. মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
৪. মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
৫. মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়	সদস্য
৬. মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
৭. মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	সদস্য
৮. মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
৯. মন্ত্রী/প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়	সদস্য
১০. মন্ত্রী/প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১১. মন্ত্রী/প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
১২. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন	সদস্য-সচিব

(৬৭১৭)

মূল্য : টাকা ৪.০০

(খ) কাউন্সিলের কার্যপরিধি :

- (১) 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নে নীতিনির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ, কৌশলগত পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান;
- (২) বাংলাদেশ ডেল্টা প্ল্যান হালনাগাদকরণে দিক-নির্দেশনা প্রদান;
- (৩) 'বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০'-এর বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নে নীতিনির্ধারণ ও নির্দেশনা প্রদান; এবং
- (৪) ডেল্টা ফান্ড গঠন ও ব্যবহারে দিক-নির্দেশনা প্রদান।

(গ) কাউন্সিল বছরে ন্যূনতম ১ (এক)টি সভা করবে।

(ঘ) প্রয়োজনে এ কাউন্সিল নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।

(ঙ) বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ এ কাউন্সিলকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন

উপসচিব

ফোন: ৯৫১১০৮১

ইমেইল: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.